# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**11 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মার আগামীকাল আসামের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ রাতে গুয়াহাটিতে আগমন/

(২) বৈদেশিক মুদ্রার বিনিময়ের জন্য প্রয়োজনীয় সামগ্রী সমূহের ব্যয় হ্রাস করতে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ'র আহ্বান/

(৩) আগামী ছয়-ই সেপ্টেম্বর দেশজুড়ে সি-টেট হবে বলে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের ঘোষণা/

এবং

(৪) শিলচর রেলস্টেশনে গতকাল রাতে প্রায় ২৫ লক্ষ টাকা মূল্যের নেশাজাত দ্রব্য বাজেয়াপ্ত/ দুই ব্যক্তি আটক/ হাইলাকান্দির টাউন হাইস্কুলে আজ বেশকয়েকজন ছাত্রী গণ-হিস্টিরিয়ায় আক্রান্ত/

--------------------------------------------------------------------------------

প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামীকাল দ্বিতীয় বারের জন্য আসামের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করবেন ।এদিকে গুয়াহাটী খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাতে গুয়াহাটী আসছেন । তিনি কইনাধারার রাজ্য অতিথিশালায় আজ রাত্রী যাপন করবেন ।

এই শপথগ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন, বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী তথা ২২ টি রাজ্যের মুখ্যমন্ত্রী , উপ-মুখ্যমন্ত্রী সহ বিজেপির প্রবীণ নেতা ,বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ,শিল্পপতিরা উপস্থিত

থাকবেন বলে বিজেপির বিধান পরিষদীয় দলের নেতা ডঃ হিমন্ত বিশ্বশর্মা সাংবাদিকদের জানান ।তিনি বলেন -----

# বাইট #

এদিকে তৃতীয় বারের জন্য রাজ্যে গঠন হতে যাওয়া এন ডি সরকারের কোন কোন বিধায়ক মন্ত্রীত্ব লাভ করবেন তা নিয়ে চর্চা অব্যাহত রয়েছে । ডঃ শর্মা জানান যে যেসব বিধায়করা মন্ত্রীত্ব লাভ করবেন তাঁরা আগামীখাল সকাল সাতটায় এই বিষয়ে জানতে পারবেন ।নতুন মন্ত্রীসভা সম্পর্কে আজ রাতে দলের জাতীয় সভাপতি নীতিন নবীনের সঙ্গে আলোচনা করা হবে বলে ডঃ শর্মা আরো জানান ।শপথ গ্রহণ অনুষ্ঠানের জন্য কামরূপ মহানগর জেলায় যানবাহন নিয়ন্ত্রণের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

---

কেন্দ্রীয় সরকার পশ্চিম এশিয়ার সংঘাতের ফলে বিশ্বের অর্থনীতিতে উদ্ভুত পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে বৈদেশিক মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে প্রয়োজন হওয়া সামগ্রীর ব্যয় হ্রাস করার জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছে । আজ নতুন দিল্লীতে অনুষ্ঠিত ভারতীয় শিল্প মহাসঙ্ঘের বার্ষিক ব্যবসায়িক সম্মেলনে ভাষণ দিয়ে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ এই আহ্বান জানান ।তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও জনসাধারণএর প্রতি এই আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে পশ্চিম এশিয়ার সংঘাত এখোনো আয়ত্বে আসেনি এবং এই পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক ক্ষেত্রে দ্বায়িত্বশীল হওয়া প্রয়োজন ।উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল হায়দ্রাবাদে এক জনসমাবেশে ভাষণ দিয়ে দেশের জনসাধারণকে একবছর সোনা ক্রয় না করতে , পেট্রল এবং ডিজেলের ব্যবহার হ্রাস করা তথা বিদেশী মূদ্রা জমা রাখার আহ্বান জানান ।তিনি ওয়ার্ক ফ্রম হোম , অনলাইন আলোচনা , ভিডিও কনফারেন্সের মতো ব্যবস্থাগুলো পুনরায় গ্রহণ করার আহ্বান জানান ।

---

ভারতীয় স্টেট ব্যাংক'এর আজ প্রকাশ করা গবেষণা প্রতিবেদন অনুসারে ২০২৬-২৭ অর্থবছরে দেশের অর্থনীতির বিকাশ ৬ দশমিক ৬ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পাবে বলে অনুমান করা হচ্ছে । প্রতিবেদন অনুসারে দেশের মোট ঘরোয়া উৎপাদন বিগত অর্থবছরের শেষের তিনমাসে ৭ দশমিক ২ শতাংশ ছিল । বিশ্বজুড়ে সৃষ্টি হওয়া বিরূপ পরিস্থিতির মধ্যেও ভারত শক্তিশালী স্থিতি বজায় রাখতে সমর্থ হয়েছে বলে প্রতিবেদনটিতে প্রকাশ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা দপ্তরের মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা কোস্টারিকার বিদেশ মন্ত্রী ম্যানুয়াল টোভার'এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী মার্ঘেরিটা বলেন যে- এই বৈঠকে ভারত এবং কোস্টারিকার দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা করা হয় । তিনি বলেন যে- ভারত এবং কোস্টারিকা বহুপাক্ষিকতা, গণতন্ত্র এবং নীতি নির্ভর আর্ন্তজাতিক ব্যবস্থার সপক্ষে যৌথ প্রমূল্য বিনিময় করে আসছে ।

--------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ আগামী ছয় ডিসেম্বর- রবিবার, দেশজুড়ে সি-টেট অনুষ্ঠিত হবে । এই পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য আজ অনলাইন আবেদন প্রক্রিয়া আরম্ভ হয়েছে । কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের এই সম্পর্কে জারি করা বিজ্ঞপ্তি অনুসারে প্রার্থীরা ctet.nic.in বা www.cbse.gov.in ওয়েবসাইটের মাধ্যমে আবেদন দাখিল করতে পারবে । আবেদন দাখিলের অন্তিম তারিখ হচ্ছে আগামী দশ-ই জুন । ১৫ই জুন পর্যন্ত অনলাইনে আবেদনের মাশুল দেওয়া যাবে । আগামী ছয়-ই সেপ্টেম্বর দেশের ১৩২টি শহরে ২৭টি ভাষায় এই পরীক্ষা গ্রহণ করা হবে ।

--------------------------------------------------------------------------------------------

১৯৯৮ সালের পোখরান পারমাণবিক পরীক্ষা, অর্থাৎ অপারেশন শক্তির সাফল্য উদযাপনের জন্যে দেশে আজ জাতীয় প্রযুক্তি দিবস পালন করা হয়েছে । তৎকালীন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর ১৯৯৯ সালে করা ঘোষণা অনুসারে প্রতিবছর ১১ই মে এই দিবস পালন করা হচ্ছে । উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এই দিবস উপলক্ষে দেশের বিজ্ঞানী, বাস্তুকার, উদ্ভাবক এবং গবেষকদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় উপ-রাষ্ট্রপতি বলেন যে- পোখরানের এই পারমাণবিক পরীক্ষার দিনটি দেশের কৌশলগত শক্তি, সামর্থ্য বৃদ্ধি এবং আত্মনির্ভরশীলতার যাত্রাকে প্রতিফলিত করে । ১৯৯৮ সালে ভারত বিশ্বের সম্মুখে নিজের উল্লেখযোগ্য বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত সামর্থ্যকে প্রতিপন্ন করেছিল বলে তিনি মন্তব্য করেছেন। দেশ নিষ্ঠা ও প্রতিভা সম্পন্ন লোকের সহায়তায় ভবিষ্যতেও বিজ্ঞান, উদ্ভাবন এবং প্রযুক্তির ক্ষেত্রে এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় প্রযুক্তি দিবস উপলক্ষে দেশের জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । শ্রী মোদী বলেন যে- এই দিনটিতে ভারত ১৯৯৮ সালে পোখরান পারমাণবিক পরীক্ষা সাফল্যের সঙ্গে সম্পন্ন করার বিষয়টি এবং দেশের

বিজ্ঞানীদের কঠোর পরিশ্রম এবং নিষ্ঠার কথা সমগ্র দেশবাসী গর্বের সঙ্গে স্মরণ করে । তিনি বলেন যে- একটি আত্মনির্ভর রাষ্ট্র গঠনের ক্ষেত্রে প্রযুক্তি মূল স্তম্ভ হিসেবে পরিগণিত হয়েছে । এবং এরফলে বিভিন্ন ক্ষেত্রে সুযোগ সুবিধার সৃষ্টি হয়েছে এবং উন্নয়ন সুনিশ্চিত হয়েছে ।

---

কাছাড় পুলিশ শিলচর রেলস্টেশন থেকে গতকাল রাতে প্রায় ২৫ লক্ষ টাকা মূল্যের নেশাজাত দ্রব্য বাজেয়াপ্ত করেছে । এবং এই কান্ডের সঙ্গে জড়িত দুজনকে আটক করেছে । জেলার অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমা পল জানিয়েছেন যে- শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস ট্রেনে এইসব মাদকদ্রব্য নিয়ে যাওয়ার চেষ্টা চালানোর সময় অভিযান চালিয়ে পুলিশ মাদক সহ তাদের গ্রেপ্তার করে । পাঁচটি সাবান কেসে করে তারা প্রায় ৫২ গ্রাম ওজনের হেরোইন পাচারের চেষ্টায় ছিল । ধৃতদের আটক করে শিলচর সদর থানায় নিয়ে আসা হয়েছে । এবং সম্পূর্ণ ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে।

---

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে শিলচরের দুটি স্থানে অভিযান চালিয়ে আই পি এল ক্রিকেটের জুয়ার সঙ্গে যুক্ত চারজন ব্যাক্তিকে আটক করেছে । পুলিশ জানিয়েছে ধৃত ব্যাক্তিরা দীর্ঘ দিন থেকে আই পি এল জুয়ার সঙ্গে যুক্ত এবং এই জুয়া চক্রের আর্থিক লেনদেন ৫০ লক্ষ টাকার অধিক রয়েছে । পুলিশ প্রথমে শহরের দাস কলোনীর উদয়ন কমপ্লেক্স রোডে এবং এরপর আশ্রম রোডে চালানো অভিযানে ধৃত ব্যাক্তিদের থেকে পাঁচটি বই , নগদ ৩০ হাজার একশ ৯০ টাকা , ৭টি মোবাইল ইত্যাদি জব্দ করেছে । পুলিশ ধৃত ব্যাক্তিদের পুলিশী হেফাজতে প্রেরণ তদন্ত অব্যাহত রেখেছে ।

---

হাইলাকান্দি শিক্ষা খন্ডের অর্ন্তগত টাউন হাইস্কুলে আজ হঠাৎ কয়েকজন ছাত্রী অসুস্থ হয়ে পড়লে জটিল পরিস্থিতির সৃষ্টির হয় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে প্রথমে কয়েক জন ছাত্রী অসুস্থতা অনুভব করার পর মাথা ঘোরানো এবং অচেতন হয়ে পড়ে । এরপর আরো কয়েকজন ছাত্রী এধরনের সমস্যায় ভুগতে শুরু করে । বিদ্যালয় কর্তৃপক্ষ এবং স্থানীয় জনগনের সহযোগীতায় তৎক্ষনাত অসুস্থ ছাত্রীদের হাইলাকান্দি সিভিল হাসপাতালে পাঠানো হয় । এদিকে এই ঘটনার পর বিদ্যালয় পরিদর্শন করে শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত অন্তরা সেন গোস্বামী জানান যে এটি গণ হিস্টিরিয়া অর্থাৎ মানসিক আতঙ্কের ফলে হতে পারে বলে সন্দেহ করা হচ্ছে তবে

বর্তমানে সব ছাত্রী বিপদমুক্ত রয়েছে বলে তিনি জানান । এ বিষয়ে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে শ্রীমতি সেন গোস্বামী আরো জানান------

বাইট

--------------------------------------------------------------------------------

ডিমাহাসাও স্বশাসিত পরিষদের আজ ৭৫ বছরের প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়েছে । অনুষ্ঠানে পরিষদের সাফল্য , জেলার সাংস্কৃতিক ঐতিহ্য এবং উন্নয়নের জন্য গ্রহণ করা পদক্ষেপ সমুহের উপর আলোকপাত করা হয়েছে । অনুষ্ঠানে পরিষদের প্রয়াত মুখ্য কার্যবাহী সদস্য সেমুয়েল সেংশনের স্মৃতিতে প্রদীপ প্রজ্জ্বলন করা হয় ।এছাড়া ডিমা হাসাও জেলা প্রশাসনের বিভিন্ন সাফল্যের উপর নির্মাণ করা একটি স্বল্পদৈর্ঘের তথ্যচিত্র প্রদর্শন করা হয় । সাংস্কৃতিক অনুষ্ঠানে পার্বত্য জেলাটিতে বসবাস করা ডিমাসা , জেমি , কুকী , মার , বাইতে , কার্বি , জয়ন্তীয়া , রাংখোল ইত্যাদি জনগোষ্ঠির কৃষ্টি সংস্কৃতি প্রদর্শন করা হয় । এই দিবস উপলক্ষে বিভিন্ন স্থানে গাছের চারা রোপন করা হয় ।

--------------------------------------------------------------------------------

উত্তর করিমগঞ্জের নব নির্বাচিত বিধায়ক জাকারিয়া আহমেদ আজ জেলা লোকনির্মাণ বিভাগের বাস্তুকারের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে শহর ও গ্রামাঞ্চলের বিভিন্ন রাস্তাঘাটের বেহাল অবস্থা , যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং দীর্ঘদিনের পরিকাঠামোগত সমস্যাগুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । বিভাগীয় কর্তৃপক্ষ বিষয়গুলোকে গুরুত্ব সহকারের বিবেচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার আশ্বাস দেন ।বৈঠকে জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থ , জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রদীপ কুরি প্রমুখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------